# Islamic Education: Its Meaning Problems and Prospects

*By Ghulam Sarwar, Published by the Muslim Educational Trust*
*(2001 CE / 1421 AH), London, 1st Edition, 2001*
*ISBN: 0907261388, Page: 55*

The book *Islamic Education: Its Meaning, Problems and Prospects* is written by Ghulam Sarwar was born in 1945 in the District of Noakhali. The author is the director of the Muslim Educational Trust. He completed graduation in Commerce and did masters in Business Management from the University of Dhaka. He taught Business Management to undergraduates level. Since the early sixty he has devoted himself to Islamic da'wah and revival work. He has written books include – Islam: Beliefs and Teachings, Islam for Younger people, The Beginner's Book of Salah, Syllabus and Guidance for Islamic Teaching, Sex Education – The Muslim Perspective and British Muslims and Schools.

"Islamic education would make the world a better, happier and nicer place to live in peace, tranquility, joy and contentment. This education cannot be established without political initiative of a freely-elected, Allah-fearing leadership of a particular country from where it could be emulated throughout the globe in order to usher in an era of real bliss and happiness for all mankind" - this is how the author expresses his view on Islamic education system. He has tried to focus on the meaning, need, importance, problems and prospects of establishing such a system in his book.

Before going into details the author has compared Islamic education system with the system which most of the Muslim countries follow in modern age i.e. the secular education. He says, "the current system based on – the sovereignty of man and superiority of his reason, knowledge acquired by human reasoning and experience, unlimited freedom of thought and expression, unwillingness to

accept anything supernatural, individualism, relativism and materialism." This education has given man everything but his bestiality has overtaken his humanity, beauty and above all the purpose of existence and faith in the Creator of this universe. On the other hand, Islamic education equips man with skills, values and qualities to thwart all the tricks, gimmicks and temptations Iblis can muster to foil man's efforts to please His Creator. It is an education that develops man's total personality to establish truth and goodness (al-ma'ruf) by eradicating falsehood and evil (al-munkar). Indeed, Islamic education trains and equips us to be in an ever-ready state of alertness to follow the path of the right and light (al-Haqq and an-Nur) and keeping away from ignorance and darkness (al-jahiliyyah and az-zulumat).

The author says that 'Islamic Education' can be defined as the process through which human beings are trained and prepared in a concerted way to do their Creator's bidding in this life (Dunya) to be rewarded in the life after death (Akhirah). The balance growth of the total personality of a man cannot be ensured by any system other than the 'Islamic Education' system. The aim of this education system is to initiate total change in a person – beliefs, actions, potentials, faculties, thoughts, expressions, aspirations, energies and everything relating to that person; in other words, the balanced development of the whole personality of a human being.

But to introduce Islamic education system is not easy. The problems have been presented very nicely. The author is very optimistic here. If there is determination, no problem is insurmountable. A beginning has to be made, depending completely on the mercy and blessings of our Creator. Allah The objectives or necessity of establishing Islamic education is also presented. The author pointed out some steps which can be taken to introduce Islamic education system. The steps are: plan, infrastructure, ending bifurcation, curriculum, syllabus, text books, teacher training, stages of education, use of Arabic language, private and state support, needs of women, needs of non-Muslims, Muslim minorities.

It is vital that we mould our education system on the fundamental beliefs (Tawhid, Risalah, and Akhirah). This outlook pervades all aspects of our life – social, economic, political, physical, emotional, spiritual, national and international. We should not prolong our predicament by continuing to pursue

an almost belief-free and value-free education system. Our education system must be heavily faith-laden and value-laden. No learning is meaningful without a belief in its usefulness and no education is beneficial if it does not transmit and promote deeply cherished values of honesty, integrity, selflessness, concern for social welfare and a strong sense of responsibility and service to humanity.

Efforts to Islamise society should continue simultaneously with efforts to Islamise knowledge and the introduction of the Islamic education system. Islamisation of society cannot be achieved until knowledge is Islamised on the basis of the Qur'an and the Sunnah of the Prophet Muhammad (pbuh). Only an Islamised education system can ensure the survival and progress of Islamic societies. The introduction of an Islamic education system should be an integral part of the efforts worldwide to establish Islam as an all-encompassing way of life. The author hopes that his humble treatise will motivate others with similar thoughts to work towards the achievement of this noble goal and the success can only come from Allah.

"… and my success cannot come except from Allah, in Him I must trust and to Him I repent." (al-Qur'an, Chapter 3, Verse 159)

**Selin Yasmin**
Principal
Aloron International School & College, Dhaka

# Towards Developing an Integrated Research Method in Human Sciences

*By Mohammad Yusof Hussain (editor), Published by International Islamic University Malaysia (IIUM) Press International Islamic University Malaysia, First Copyright Date: 2006, ISBN: 983-3855-05-9, Pages: 353*

This book is a compilation of different research articles having Islamic perspective in Human Sciences prepared by scholars from different disciplines of IIUM. It is a step for implementing integrated Research Methods in practical field. Here the integration is of both Western and Islamic perspective of Research Methodology. Purpose of this book is to assist in producing high quality researches using integrated research approach.

The first chapter is written by Mohd. Yusof Hussain, professor of Islamic Communication, IIUM. In his writing 'Developing an Integrated Research Method in Human Sciences' Classical Muslim Methods and Western Methods have been discussed. In particular this writing is different from other writings of similar as it point out some particular problems. It leads to develop a new Islamic methodology. This methodology is an integrated form of both two types of methodology and having universality.

The second chapter is on 'The Role of Theory in Research'. Syed Arabi Ibid discusses some basic of research. These are theory, conceptualizations, and hypothesis. It is vivid and explicit as writer used the same topics as example through the whole discussion. It successfully leads readers to clear and better understanding. This is an exemplary reading for other researchers and writers as it automatically leads to Islamic perspective without avoiding the traditional Western writers. The writer mentioned Merton, Stinchcombe, Wilson, Kerlinger et el. Here writer shows the importance of theory in research as well as shows that theory of different scholars is temporary. On the other hand, Muslim scholars have the tools to implement permanent theory i.e. revealed knowledge. Using this knowledge, the Muslim scholars might have contribution in the development of Human Science.

In next chapter 'Issues and Topics in Integrated Research in Organizations' Saodah Wok defines integrated research as interdisciplinary and multidisciplinary approach. The writer emphasizes on conducting research integrating different approaches and Malaysian Government also funding in this field. This discussion is on traditional research method. But at this level readers need more specific discussions. Writer also suggests some topics for integrated research in Islamic perspective.

Jamil Farooqui have presented every ins and outs of Western Survey Method in the chapter 'The Survey Method in Sociological Research' followed by Islamic perspective.

'The Experimental Method in Psychological Research' written by Mohammad Abdur Rashid vividly describes the experimental method especially of psychology. In his writings, he mainly presents the conventional method. A little discussion has been presented on Islamic perspective to show the importance and ethical aspects of research. Discussion from earlier Muslim scholars' contributions in experimental method and psychology would have enriched the text. It needed to be more specified.

Saodah Wok in next chapter 'Field Observation in Human Science Research' describes the field observations elaborately. It has a detail and clear description of field observations including Islamic perspective. No doubt it is an informative write-up and one can have clear concept about field observations. Islamic perspective has been discussed only in ethical purpose. In this regard, it would be better to cite observation researches of the earlier Muslim scholars and some proposed research area to make the Islamic perspective enrich. There is an objectionable quotation from Iqbal, 2002. "The original purpose of observation and experiment in Islam is to exhibit an intellectual warfare against the Greeks" (p.124). But the original purpose of research should be to realize the purpose of the creation of Allah (swt) (Sura Al-Imran: 190,191; Al Ghaasyiyah: 17- 20). So, writer has to be more careful to quote from others.

Azlan Mohd Noor in his 'Participant Observation in Human Science Research' explains the participant observation with illustrations. The reader can easily grasp it as the writer has given examples with each criterion. Writer emphasizes this approach can be used understanding others and disseminating Islam.

Next chapter is on 'Quantitative Content Analysis as a Method of Research in Mass Communication' by Fazal Rahim Khan and Masrur Alam Khan. It is a commendable effort. Writers here elucidate Content Analysis throughly using one example '*Intifadah*' which is a significant issue for Muslim World. As writers mentioned that not only arms responsible for destroying Muslim ummah but also media culturally harming the Ummah. Now a day it's an urgent need for Ummah to have own media for news presentation and entertainment. This discussion is based on both traditional and Islamic perspective.

In the chapter 'Discourse Analysis of Islamic English Texts' Nomala Othman and Nuraihan Mat Daud elaborates the topic discourse analysis from definition to discourse genre and methodology using simple examples. This apprehensible presentation will help the researcher to investigate the genre of any discourse. It will be helpful in analyzing some text. Some suggested fields for research are also mentioned here.

Ahmed Bakeri details Bibliometric Methods from its origin to recent development in chapter 'Bibliometric Methods in Library and Information Science Research'. Different Bibliometric Methods and their applications are highlighted here with examples. These examples include some Muslim researchers' contributions and the outcome is really astounding. Like review of Anwar & Abu Bakar (1997) shows that, "the combined contribution to scientific literature of 46 Muslim nations is less than that of Switzerland and is only 70 percent of what India contributes alone."(p.207) Advantages and limitations of Bibliometric Methods are also presented here followed by a summarized conclusion, where writer suggests that this method can also be applied to study disciplines in the revealed knowledge.

Documentary is defined and sources are explained in a lucid way in 'The Use of Documentary Research in Political Science: A Comparative Approach' by Elfatih A. Abdel Salam. He also added revealed knowledge as a source. Advantages and disadvantages of documentary methods are also mentioned. Writer briefs Historical and Control analysis as two types of analysis of document. Briefly presenting the Western Methodology, he criticizes it and presents some basic assumptions of Islamic Methods and proves it as value-laden. There is a nice presentation on documentary sources of Islamic Political heritage which includes Al-Farabi, Abu Al-Hassan Al- Mawardi, Al-Ghazali,

Ibn Taimiyyah, Ibn Khaldun. At the conclusion, it has been recommended to integrate revealed knowledge and human science.

‘Research Methodology in History’ is presented by Abdullah Al Ahsan. Here writer begins from the foundation of modern Research Methodology as mentioned here from Descartes. Then he briefed the gradual updates of methodology as well as criticism of Western Methodology citing from Western scholars. Criticizing Darwin’s theory he cited from Al-Qur’an which is similar to that of the Biblical view. Beginning of civilization quoted from Ibn Khaldun and Arnold Toynbee. Mentioning the different views in history, writer suggests to reach a common ground and this is easier for a Muslim than others. “For Muhammad (pbuh) was born in full light of history” (p. 253). In this regard Khalid Yahya Blankinship can be mentioned, “For Muslims at least, a better division of world history would fall about 600 CE, coinciding with the prophet hood of Muhammad (pbuh)” (*Research Methodology in Islamic Perspective*, Institute of Objective Studies, India, 1994, p.157).

Fikret Karcic in the chapter ‘Textual Analysis in the Study of Islamic Revealed Knowledge and Heritage’ defines textual analysis and presents its historical background from the time of Prophet Muhammad (pbuh). Here the use of Textual Analysis by Muslim scholars, study of the Qur’an, Sunnah, Islamic heritage and also the analysis by Orientals are highlighted. In this resourceful writing, writer also puts some suggestions to improve the method.

The chapter ‘Textual Analysis in Arabic Literary Studies’ is a scholarly work by Badri Najib Zubir explains using the theory of *Nazm* of al-Jurjani. Writer here emphasizes to integrate Western and Islamic worldview.

Mohd. Yusof Hussain and Saodah Wok define Ethics in the chapter ‘Ethics in Conducting Research’. It covers every ethical aspects of research. It also comprises of ethical codes of different institutions like IRB, APA, SRCD, and Copy Right Act 1987. But all the Western Acts and laws have been failed. On the other hand, ethics lie at the heart of Islamic teachings which becomes transparent from some citation from Al-Qur’an and Hadiths.

Importance of knowledge (Ilm) and disseminating it is obligatory in Islam and reporting is an essential means to disseminate knowledge. This is the way Abdul Rashid Moten signifies reporting in the chapter ‘Integrated Report Writing’. Here report writing has been presented in Islamic perspective. *Muqaddima* has also been mentioned as an example. It is an excellent scholarly work, a gem for every researcher and report writer.

There are several publications on Islamic perspective but distinguish feature of this book is to apply in a practical field. Hence this book will help the students, teachers and researchers to gain valuable insights regarding research and to conduct a research in a proper way. It can also influence and accelerate specialists of other disciplines to prepare integrated curricula. But this effort should not be stopped here. This book and earlier publications of this type have to be considered integrated way to advance this effort. Not for repetition but to present Muslim Ummah as well as the whole world an advanced and universal Research Methodology.

**Rowshan Zannat**
Lecturer
Asian University Bangladesh

---

# Islamic Morals & Manners

*By Mohammad H.R. Talukdar, Published by A.S. Noordeen K.L. Malaysia, 2006, Page: 132*

Mohammad H.R.Talukdar is a renowned author who has written a couple of books which are very much related to our everyday life. Some of these books are: (a) The Qur'an- A Divine guiding Light, (b) Ten Women of paradise, (c) Science in the Sublime Morals & Manners of Prophet Muhammad (S.A.W.), (d) The Message of Allah and. (e) Islamic Morals & Manners.

In this book named Islamic Morals & Manners the author Mohammad H.R.Talukder described some attributes, which everyone should achieve and some which everyone should shun. So that maintaining these, they can reach the model of the moral character of the highest order.

The author stated in this book 60 items of positive attributes which a person should achieve and hold in life. Those are expressed in items- 1, 5, 6, 7, 8, 10, 11, 12, 13, 14, 15, 18, 19, 20, 21, 22, 23, 24, 27, 29, 30, 31, 32, 33, 34, 35, 36, 37, 38, 39, 40, 41, 57, 58, 59, 60, 61, 63, 66, 68, 70, 73, 74, 77, 80, 85, 86, 89, 90, 92, 94, 95, 97, 98, 99, 101, 102, 103, 104 & 105.

He cited in this book 45 items of negative attributes which a person should shun. Those are expressed in items- 2,3,4, 9,16, 17,25, 26, 28, 42, 43, 44, 45, 46, 47, 48, 49,50, 51, 52, 53, 54, 55, 56, 62, 64, 65, 67, 69, 71, 72,75, 7678, 7981, 82, 83, 84, 87, 88, 91, 93, 96 & 100.

Now-a-days the world in general and the Muslim world in particular is suffering from tremendous poverty of honest, sincere and dutiful people who are also conscious of their accountability to the almighty creator Allah *Subhanahu wa tala*. The people of the Muslim world are very much busy in developing themselves materially and competing with the materialistic western world. Besides, they are engrossed in colorful nightmare of earning unlimited wealth. They have become so highly ambitious that they put the west to shame. Particularly the Muslims have forgotten their identity of being the representatives of Allah. Following their enemy Iblis they have become insulted, disgraced, tortured, neglected. The Muslim society is now in severe need of following the exalted character and principles of Prophet Muhammad *Sallallahu Alaihi Wasallam*. However, in such a distressing situation there are many people who want to save themselves from those ignoble positions. They desire to return to their Lord and want His satisfaction. They think that Lord's satisfaction is the only way of success and His dissatisfaction is the difinite way of failure here and hereafter. That is why they look for the straight path to reach Him. But now the question is "where that way is"? The author of the aforesaid book has very nicely collected 105 items which very much concern us and are related to our lives. He expressed those in a very brief and lucid method that readers can easily and exhaustlessly absorb and implement them in every day life.

In modern age all are too busy and engaged in materialistic functions that nobody has time to go through any valuable book written elaborately. Thus the author of this book wisely presented in a very brief method, so that every one can be benefited. He stated in the preface "This booklet is intended for those who have extremely short time but hold a great desire to know the essential Islamic Morals and Manners and lead their life in the Right Way."

Besides, the book will be very much useful for the researchers, because every item of this book is supported by the verse/s of the noble Qur'an and the related Hadith also. So the researchers can easily find their required reference in it.

In spite of these, a very little observation is that, if the author would have discussed all the negative items first, then the positive items it would have been easier to learn and to find out the desired attributes promptly.

In conclusion, it may be said that following the instructions mentioned in this book the readers will be able to keep themselves away from the prohibited activities and implementing the permitted and righteous activities to achieve Almighty Allah's satisfaction, the ultimate success here and hereafter. We expect that this book would be well circulated and readers will get it within their reach, especially it should be available in the market so that the students, researchers and general people may get it easily.

**Md. Ayub Hossain**
Deputy Registrar
National University, Gazipur

---

# মুসলিম মানসে সংকট

*আবদুল হামিদ আহমদ আবুসুলাইমান এর 'ক্রাইসিস ইন দ্যা মুসলিম মাইন্ড' গ্রন্থের অনুবাদ।*
*অনুবাদ: মোঃ মাহবুবুল হক, সম্পাদনা: এম আবদুল আজিজ, এম রুহুল আমিন, ওমর বিশ্বাস।*
*প্রকাশক: বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থ্যট। আইএসবিএন: ৯৮৪-৮২০৩-৪০-৭*
*প্রকাশকাল: ১ম প্রকাশ ২০০৬, ২য় প্রকাশ ২০০৯, পৃষ্ঠা সংখ্যা: ১৪৩, মূল্য: ১৫০ টাকা।*

বইটি ড. আব্দুল হামিদ এ, আবুসুলাইমান রচিত "আযমত আল আকল আল মুসলিম"। বইটির ইংরেজী অনুবাদ (Crisis in the Muslim Mind) হতে বাংলায় রূপান্তর "মুসলিম মানসে সংকট"।

বইটির লেখক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক চিন্তাবিদ, ইন্টারন্যাশনাল ইন্সটিটিউট অব ইসলামিক থ্যট (IIIT) এর অন্যতম প্রতিষ্ঠাতা এবং ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি মালেশিয়ার প্রতিষ্ঠাতা ভাইস চ্যান্সেলর।

নন্দিত গবেষক বইটিতে বলেছেন মুসলিম উম্মাহর ভবিষ্যতে সভ্যতা গঠন ও নব জাগরণের উপায় হিসেবে উম্মাহর মানসের ইসলামিকরনই একমাত্র সমাধান। ইসলামি চিন্তার পুর্ণগঠন, ইসলামের বিষয়ের মূল অনুধাবন, সার্বজনীনতা, ও সমস্যার কারণ উদঘাটন করে সকল ক্ষেত্রে ইসলামি চিন্তার অনুসরণ, যা উম্মাহকে সন্দেহাতীত ভাবে সঠিক পথে চলতে সাহায্য করবে।

চিন্তা বিষয়টি মৌলিক এবং ইসলামি মনীষীদের জন্য তাৎপর্যবহ। অন্যান্য বিষয়ের সমাধান তখনই আসবে যখন সকল বিষয় ইসলামি চিন্তার ভিত্তিতে মননশীলভাবে বিশেস্নষিত হবে চিন্তার সংকট, আরব মানস কাঠামো ও মুসলিম মানসের পুর্ণগঠন। পূর্বে বিভিন্ন গ্রন্থে প্রকাশিত হলেও লেখক ব্যতিক্রমধর্মী বিশেস্নষণে উম্মাহর সংকট এবং এর বুদ্ধিভিত্তিক পদ্ধতিগত ঐতিহাসিক দিকগুলো সরাসরি আলোকপাত করেছেন।

রাজনৈতিক নেতৃবৃন্দ যখন জনগনকে শাসনের জন্য ক্ষমতা ও শক্তির ব্যবহার করছে তখন বুদ্ধিজীবী নেতৃবৃন্দ আবেগ ও মানসিক উপায় উপকরণ দিয়ে তার গতি আনয়নের চেষ্টা করেছেন। এ সমস্ত চাপ মুসলিম মননে স্থবির অবস্থার সৃষ্টি করেছে যা উম্মাহর মানসিকতা ও চরিত্রকে নেতিবাচক প্রভাবের মাধ্যমে উদ্ভাবন ও সৃজনের নিজস্ব চিন্তা, উদ্যোগর ক্ষমতা ধ্বংস করে দিচ্ছে। তাই বর্তমান মুহূর্তে উম্মাহকে এর থেকে উত্তরনের উপায় সততার সাথে অত্যন্ত খোলামেলাভাবে বের করতে হলে কুরআন-সুন্নাহর মধ্যে সম্পর্ক স্থাপন, স্থান-কাল-পাত্র ভেদে সুন্নাহর প্রয়োগ, উম্মার রাজনৈতিক ও ধর্মীয় বুদ্ধিবৃত্তিক নেতৃত্ব নব প্রজম্মকে সঠিক শিক্ষা ও চেতনার দ্বারা পরিগঠিত করতে হবে।

প্রথমত সিদ্বান্ত নিতে হবে সংকট সমাধানের শুরম্নটা আমরা কোথা থেকে শুরম্ন করবো। আমাদের উচিৎ হবে উম্মাহর আওতাধীন যাত্রা শুরম্নর নির্দিষ্ট ক্ষেত্র নির্ণয়ের বিকল্পসমূহ স্থির করা। যে প্রেক্ষিতে এ গুলো প্রধান তিনটি ভাগে ভাগ করা যায় :

১. বিদেশী সমাধানের অনুকরণ: যা মূলত ধার করা সমাধান, যার উৎস সাময়িক পাশ্চাত্য সংস্কৃতিক অভিজ্ঞতা (ধর্ম নিরপেক্ষতা ও বস্তুবাদ)। এটি ব্যক্তি স্বাতন্ত্র্যবাদ, সমষ্টিবাদ বা রাষ্ট্রীয় পুঁজিবাদ, ধর্মনিরপেক্ষবাদ, নিরশ্বরবাদ, পুঁজিবাদ ও মাকর্সবাদ হিসাবে পরিচিত।

২. ঐতিহাসিক সমাধানের অনুকরণ: এই সমাধান ইসলামের ঐতিহাসিক অভিজ্ঞতা থেকে সঞ্চিত সমাধানের উপর নির্ভর করে, যা কোন স্থান-কাল-পাত্রের সংশিস্নষ্টতাকে গুরম্নত্ব দেয় না।

৩. ইসলামের মৌলিক সমাধান: ইসলামের সূত্রগুলো থেকে সাহায্য নিয়ে উম্মাহর বিভিন্ন সমস্যার প্রাসঙ্গিক সমাধানের জন্য প্রায়গিক দৃষ্টিভঙ্গি। মৌলিক প্রাণশক্তি পুনরম্নদ্বারের জন্য উম্মাহর আকাঙ্খায় চারটি পূর্বশর্ত রয়েছে:

ক. একটি সুষ্ঠু দৃষ্টিভঙ্গি নির্দিষ্টকরণ।

খ. দৃষ্টিভঙ্গির উপর অবিচল আস্থা।

গ. লক্ষ্য অর্জনের জন্য সব কিছু করার সংকল্পবদ্ধ হওয়া।

ঘ. এর সাফল্য নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় বাস্তব উপকরণসমূহের ব্যবস্থা করা।

উম্মাহকে অবশ্যই সে কারণগুলো উপলদ্ধি করতে হবে যে, কেন অন্যদের প্রস্তাবিত সমাধান উম্মাহর কোন কাজে আসছে না। এভাবে উম্মাহর নিজের জন্য এর চেয়ে উপযোগী সমাধান নির্ণয় করতে অধিকতর সক্ষম হবে এবং সমাধানকে বাস্তবে রূপদান করতে পারবে। উম্মাহর দুর্বলতা,

দলাদলি, পশ্চাৎমুখী দৃষ্টিভঙ্গি ও সভ্যতাহীনতার সংকটসহ বিশেষ সংকটের ঐতিহাসিক উৎসসমূহ এই বইটিতে প্রতিফলিত হয়েছে। ইসলামি উম্মাহর সংকটের ঐতিহাসিক মূল উৎস সমূহ নিম্নরূপ:

* রাজনৈতিক ভিত্তির নেতিবাচক পরিবর্তন।
* ধর্মীয় নেতৃত্বে ভাঙ্গন।
* বিশ্বাস ও চিন্তার সংকট।
* বুদ্ধিভিত্তিক বিচিছন্নতা ।
* তকলিদ -এর (আনুগত্য) কারণ ও অনগ্রসরতা।
* শরিয়াহ ও শরিয়াহ বহির্ভূত বিজ্ঞান।
* সমাজ বিজ্ঞানের অবহেলা।
* ওহী ও যুক্তির দ্বন্দ্ব।
* সুদ সমস্যা।
* বুদ্ধিভিত্তিক উত্তরাধিকারের ভাঙ্গন।

ইসলামের শুরুতে ইসলামের পদ্ধতি বিজ্ঞান ছিল একটি স্বাভাবিক ও সয়ংক্রিয় ধরনের পদ্ধতি বিজ্ঞান, এই পদ্ধতি বিজ্ঞান নির্ভর করত ওহীর প্রজ্ঞা, মানবিক যুক্তির বিশুদ্ধতা এবং ইজতিহাদের উপর যার উৎস ছিল অমলিত ও মানবীয় স্বাভাবিক প্রবণতা। কাজেই বলা যায়, আজকের যুগে মুসলিম জাহান পতনের সবগুলো উপাদান বিদ্যমান থাকা সত্ত্বেও ইসলামি উম্মাহর জন্য একমাত্র আশ্রয়স্থল ইসলামি পদ্ধতি বিজ্ঞান।

ইসলামি পদ্ধতি বিজ্ঞান ও চিন্তাধারার মূলনীতি সমূহ হচ্ছে:

একত্ববাদ: এ মর্মে এরশাদ হচ্ছে- "আল্লাহ কোন সন্তান জন্ম দেননি অথবা তাঁর সাথে আর কোন সৃষ্টিকর্তা ও শরীক নেই। আল্লাহ পবিত্র সে সব কথা থেকে যা এসব লোকেরা মনগড়া ভাবে বলে" (২৩:৯১)।

খেলাফত: এরশাদ হচ্ছে- সে সময়ের কথা কল্পনা করে দেখ যখন তোমার প্রভু ফেরেশতাদের বললেন, আমি পৃথিবীতে একজন খলিফা নিযুক্ত করতে ইচ্ছুক। (২:৩০)

নৈতিক দায়িত্ব: এরশাদ হচ্ছে -হে মানুষ জমিনে যেসব হালাল ও পবিত্র দ্রব্যাদি রয়েছে তা খাও এবং শয়তানের পথে চলো না, কারণ সে তোমাদের প্রকাশ্য দুশমন। (২:১৬৮)

পদ্ধতিবিজ্ঞান সম্পর্কিত অত্যন্ত গুরুত্বপূর্ণ ধারাগুলোর মধ্যে রয়েছে:

- সৃষ্টি ও অস্তিত্বের উদ্দেশ্যপূর্ণ প্রকৃতি।
- সত্যের বিষয়ে বিমুখতা এবং পরিস্থিতির আপেক্ষিকতা ।
- সিদ্ধান্ত গ্রহণের স্বাধীন ইচ্ছা ।
- তাওয়াক্কুলের ব্যাপকতা বা সর্বাত্নকরূপ।
- বিভিন্ন কর্মের কার্যকরণ সম্বন্ধ ।

ইসলামে সমাজ বিজ্ঞান এর সূত্রসমূহ: সমাজ বিজ্ঞান ও কলার উদ্দেশ্য হচ্ছে তিনটি ক্ষেত্রে সুশৃঙ্খল অনুসন্ধান করা:

- প্রাণী ও মহাবিশ্বের প্রকৃতি ও সম্পর্ক ।
- সমাজের বাস্তবতা, সম্ভাবনা এবং চ্যালেঞ্জসমূহ।
- সমাজ বিজ্ঞানের জন্য প্রয়োজনীয় পদ্ধতি, ধারনা, নীতি ও বিকল্পসমূহ ।

সমাজ বিজ্ঞানের সাথে সভ্যতা এবং ওহীর সম্পর্ক যুক্ত করার উপায় হচ্ছে সমাজ বিজ্ঞানের সূত্রগুলোর পাশাপাশি ইসলামের মূলনীতির সূত্রগুলোর শ্রেণীভাগ করে তাদের কাঠামোর রূপরেখা, লক্ষ্য উদ্দেশ্য বিশেস্নষণ করা যা উম্মাহ ও মানবজাতি উভয়ের সংস্কারে সমান ভাবে গুরম্নত্ব আরোপ করতে হবে। সুতরাং তিনটি মৌলিক বিষয়ের প্রতি ইসলামি নেতাদের মনোযোগ দেওয়ার প্রচেষ্টা চালানো অত্যাবশ্যক:

১. উম্মাহর ভবিষ্যৎ অর্থাৎ মুসলিম যুব সমাজের মধ্যে কাজ করা ।

২. ইসলামিকরণ জ্ঞান ও স্বজন সম্পর্কে ইসলামি দৃষ্টিভঙ্গি সুস্পষ্ট করত: নতুন প্রজন্মকে ইসলামের চিরন্তনমনের জাতির কাছে পৌঁছে দেয়ার চেষ্টা করা।

৩. মানব জাতির অগ্রগতি ও চিন্তা ধারাকে পরিশুদ্ধ করার জন্য মানব সভ্যতার ভবিষ্যৎ গতি পথের নির্দেশনা প্রদান করা।

উম্মাহর চিন্তাবিদ ও মনীষীদের অবশ্যই তাদের দৃঢ় সংকল্প ও মনোযোগ সর্বপ্রথম মুসলিম চিন্তাধারার সংস্কারের উপর দিতে হবে এবং উম্মাহর নেতৃত্বের দৃষ্টিভঙ্গির স্বচ্ছতা সাধনের ওপর কেন্দ্রীভূত করতে হবে। যার ফলে উম্মাহ তার ভবিষ্যৎ নির্মাণ এবং কাংখিত লক্ষ্য অভিমুখে অগ্রসর হবে।

মানব জাতির জন্য একমাত্র নির্দেশিকা হলো ইসলাম। কিন্তু গবেষণা ও চিন্তার ক্ষেত্রে সুদীর্ঘকালের স্থবিরতা ও পদ্ধতিগত দুর্বলতার উত্তরণ না ঘটায় ইসলাম চলমান বিশ্বে একটি গতিশীল আদর্শ হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারছে না। অথচ বর্তমান সভ্যতার সংকট উত্তরণে ইসলামের কোন বিকল্প নেই।

মুসলিম মানসে সংকট বইটি অত্যন্ত সময় উপযোগী। বর্তমান সভ্যতার চিন্তার স্বাধীনতা, জ্ঞান ও বিশ্বাসের স্বাধীনতায় বইটি সুধী পাঠকদের চিন্তার জগতে দ্বার উম্মোচন করবে।

**মো: আনোয়ারুল কবীর,** *পি.এইচ.ডি*
সহকারী অধ্যাপক, আরবি বিভাগ
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা।

# ইসলামী শিক্ষা সিরিজ

*ড. জামাল আল বাদাবী'র ইসলামি টিচিং কোর্স গ্রন্থের অনুবাদ।*
*অনুবাদ: ডা আবু খলদুন আল মাহমুদ ও ড. শারমিন ইসলাম মাহমুদ।*
*প্রকাশক: বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থ্যট, প্রকাশকাল: ৩য় প্রকাশ নভেম্বর ২০০৯, পৃষ্ঠা সংখ্যা: ৪৩৯, মূল্য: ৩০০ টাকা।*

সমাজে বিভিন্ন ধর্মের মানুষের পাশাপাশি সহাবস্থান, একে অপরের সান্নিধ্য, পারস্পারিক সহযোগিতা এবং সহমর্মিতার প্রবনতা অনাদিকাল ধরে সমাজে প্রচলিত থাকলেও ধর্মীয় আচার আচরণগত পার্থক্য থাকার ফলে একে অপরের মধ্যে ধর্মীয় বিশ্বাসের ক্ষেত্রে একটি জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এক্ষেত্রে ইসলাম যে একটি স্বতন্ত্র ধর্ম এবং পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা তা উপলব্ধি লাভের জন্য ড. জামাল আল বাদাবী "ইসলামি শিক্ষা সিরিজ" নামে গ্রন্থ রচনা করেছেন। এটি তিনটি খন্ডের একটি সমন্বিত রূপ এবং প্রতিটি খন্ডের আলোচনার মধ্যে এর সুশৃংখল ধারাবাহিকতা রয়েছে।

প্রথম খন্ডে (ইসলামের মৌলিক আকিদা ও বিশ্বাস) তিনি প্রমাণ করেছেন "আলস্নাহ এক এবং অদ্বিতীয়, তাঁর কোন শরীক নেই" এর বিকল্প বিশ্বাসকে তিনি 'শির্‌ক' হিসেবে আখ্যায়িত করেছেন যা কঠিন গুনাহর কাজ হিসেবে চিহ্নিত এবং এটাই ইসলামের শিক্ষা। অনেক ধর্মেই বহু দেবতায় বিশ্বাস এবং মূর্তি পুজার প্রচলন রয়েছে। এ থেকে প্রমাণিত হয় 'ইসলাম' অন্যান্য ধর্ম থেকে আলাদা। ইসলাম সম্পর্কে তিনি বলেন-

"ইসলাম শব্দের দু'টি অর্থ আছে। সালাম অর্থ শান্তি এবং এর আর একটি অর্থ হচ্ছে আত্মসমর্পন। ইসলাম এর অর্থ আলস্নাহর কাছে আত্মসমর্পন করে তাঁর নির্দেশ মান্য করার মাধ্যমে ব্যক্তিগত ও সামাজিক জীবনে শান্তি ও নিরাপত্তা অর্জন। ইসলাম এমন এক বৈশিষ্ট্যমন্ডিত শব্দ যা তার অর্থেও ব্যাপকতার স্থান, কাল ও পাত্রকে অতিক্রম করে।"

ইসলামের কিছু মৌলিক আকিদা বা বিশ্বাস রয়েছে যেগুলো ছাড়া ইসলামকে যথাযোগ্য মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করা যায় না। যেমন:

১. আলস্নাহর প্রতি বিশ্বাস
২. তাঁর রাসুলগণের প্রতি বিশ্বাস
৩. তাঁর কিতাবসমূহের প্রতি বিশ্বাস
৪. ফেরেস্তাগণের প্রতি বিশ্বাস

৫. তাকদীরে বিশ্বাস
৬. কেয়ামত দিবসের প্রতি বিশ্বাস এবং
৭. পুনরুত্থানের প্রতি বিশ্বাস

উপরোক্ত বিশ্বাসসমূহ যাদের মধ্যে আছে তাদেরকে লেখক মুসলমান নামে অভিহিত করেছেন। তিনি আরও বলেন- "আল্লাহতে আত্মসমর্পনকারী প্রত্যেক ব্যক্তিই মুসলমান। ব্যাপকভাবে এর অর্থ হচ্ছে আল্লাহ এবং তাঁর নবীদের উপর ঈমান আনা এবং তাঁদের মাধ্যমে প্রদত্ত বিধানের আলোকে জীবন পরিচালনা করা।"

তবে শুধু বিশ্বাস থাকলেই হবেনা তদানুযায়ী আমলও থাকতে হবে। আর এই আমলের জন্য মুসলমানদের কিছু কার্যকর দিকও রয়েছে যেগুলো তাদের জন্য বাধ্যতামূলক করা হয়েছে এবং সেগুলোকে ইসলামের স্তম্ভ হিসেবে পরিচিত। যেমন:

১. কালেমা, ২. নামাজ, ৩, রোজা ৪. হজ্জ, ৫. যাকাত

উপরোক্ত কার্যাবলী মুসলমানরা কিভাবে সহী শুদ্ধভাবে আদায় করবে তার বিশদ ব্যাখ্যা এবং ইসলাম ধর্মের শেষ নবী হযরত মুহাম্মাদ (সা.) তার যথেষ্ট প্রমাণ উক্ত গ্রন্থখানির মধ্যে সুন্দরভাবে উল্লেখ করা হয়েছে।

প্রথম খন্ডের আলোচনার ধারাবাহিকতায় দ্বিতীয় খন্ডে (ইসলামের নৈতিক বিধান) তিনি উল্লেখ করেছেন ইসলামের পাঁচটি স্তম্ভ হচ্ছে ইসলামের ভিত্তি এবং এর উপর ভিত্তি করেই ইসলামি নৈতিকতার বিস্তার শুরু। অন্যান্য ধর্ম ও ধর্মনিরপেক্ষ নৈতিক বিধানের চেয়ে সম্পূর্ণ পৃথক নিজস্ব এবং পূর্ণাঙ্গ নৈতিক বিধান ইসলামে আছে। যেমন:

১. মানব প্রকৃতি ও জগৎ সম্পর্কে ইসলামি দৃষ্টিভঙ্গী কি?
২. হালাল ও হারাম কি?
৩. ঈমান ও জীবন সংরক্ষন বিষয়ে ইসলামি বিধান কি?
৪. খাদ্য সম্পর্কে ইসলামি বিধান কি?
৫. এ্যালকোহল ও অন্যান্য মাদকদ্রব্য সম্পর্কে ইসলামি বিধান কি?
৬. যৌন সম্ভোগ সম্পর্কে ইসলামি শিক্ষা কি?
৭. পোষাক পরিচ্ছদ ও শিষ্টাচার সম্পর্কে ইসলামি বিধান কি?
৮. সৌন্দর্যচর্চা এবং পরিচ্ছন্নতা সম্পর্কে ইসলামি শিক্ষা কি?
৯. সম্পদ এবং অধিকার সম্পর্কে ইসলামি বিধান কি?

লেখক উক্ত গ্রন্থখানির মধ্যে উপরোক্ত প্রশ্নগুলির যথাযথ জবাব দিয়েছেন। তাছাড়া তিনি আরও উল্লেখ করেছেন যে, একজন মুসলমান ব্যক্তির কতকগুলি নৈতিক গুণ থাকা প্রয়োজন। যেমন :

১. তাকওয়া: এর অর্থ হলো আনুগত্য, সতর্কতা বা আল্লাহভীতি।

২. আমানাহ: সাধারণভাবে এর অর্থ করা হয় সততা বা বিশ্বস্থতা, কিন্তু ইসলামি পরিভাষায় এর অর্থ অনেক ব্যাপক। আমানতকারীর গুণের মূলে রয়েছে আলস্নাহর কাছে জীবনের সকল কাজের জন্য জবাবদিহিতার অনুভূতি এবং তাঁর কাছে কৃত ঈমানের ওয়াদার পরিপূরণ।

৩. সত্যবাদিতা: সত্যবাদিতা হচ্ছে বিশ্বাসীদের জন্য আলস্নাহর আদিষ্ট গুণ।

৪. বিনয় ও নম্রতা : এই শব্দ দুটোকে দু'ভাবে আলোচনা করা যায়। যথা:

   ক. আলস্নাহর প্রতি বিশ্বাস- এর মানে আলস্নাহর উপর ঈমান এবং তাঁর ইচ্ছার কাছে আত্নসমর্পণ।

   খ. অন্যান্য মানুষের প্রতি বিনয় ও নম্রতা- এর অর্থ সকল মানুষের প্রতি ভদ্র, নমনীয় আচরণ করা। সকল ধরনের গর্ব, অহংকার, আত্নপ্রদর্শন, অহমিকা, অপরের উপর প্রভুত্ব করার প্রবণতা পরিহার করে নম্রতা অবলম্বন করা।

৫. সহানুভূতি: কুরআনের সকল সুরা (একটি বাদে) যে আয়াত দিয়ে শুরম্ন হয়েছে তাতে ক্ষমাশীল হিসেবে আলস্নাহর পরিচয় স্পষ্টভাবে ঘোষিত হয়েছে। সে আয়াতটি হচ্ছে "বিসমিলস্নাহির রাহমানির রাহিম" অর্থাৎ দয়াময় অনন্তদাতা আলস্নাহর নামে। এই বাক্যে দু'টি শব্দ "আর রহমান" এবং "আর রহিম" একই ধাতু 'রাহমা' থেকে উদ্ভুত হয়েছে যার অর্থ সহানুভূতি বা ক্ষমাশীল।

৬. ক্ষমাশীলতা এবং আত্মার পরিশুদ্ধি: কুরআন ক্ষমা করার গুণকে আলস্নাহর সচেতনতা এবং তাঁর প্রতি আনুগত্যের সাথে সম্পৃক্ত করা। যাতে মুমিন ব্যক্তিরা অন্যান্য মানুষকে ক্ষমা করার সময় মনে রাখে যে, তাদের প্রত্যেককে নিজের ভুল এবং পাপের জন্য আলস্নাহর নিকট ক্ষমা নিতে হবে।

৭. ধৈর্য্য: সবর শব্দের অনুবাদ করা হয় ধৈর্য্য। যার অর্থ "বেঁধে রাখা" অর্থাৎ ভয় বা দুর্বলতার অনুভূতিকে বেঁধে রাখা।

৮. সঠিক কথার ব্যবহার : কুরআনে বারবার বলা হয়েছে, মানুষের কথা বলার ক্ষমতা আলস্নাহর এক বিশেষ নেয়ামত এবং এটার যথার্থ ব্যবহার করা উচিৎ। কথা বলার যোগ্যতা মানুষকে অন্য সব প্রাণী থেকে আলাদা করে পৃথক মর্যাদা দিয়েছে। তাই প্রতিটি মুমিন ব্যক্তির দায়িত্ব হচ্ছে ভদ্র, সুন্দর ও অর্থপূর্ণ কথা বলা এবং কথার অপব্যবহার না করা।

৯. মধ্যপন্থা অবলম্বন ও দানশীলতা : ইসলাম মুমিনদের চাল চলনে ভারসাম্যপূর্ণ হতে বলে এবং এটা এমন এক পন্থা নির্দেশ করে যা মানুষকে মনে প্রাণে সুষম ও ভারসাম্যপূর্ণ করে তুলে। ইসলাম চরম দুনিয়াদার হতে যেমন নিরম্নৎসাহিত করে তেমনি বৈরাগী হয়ে সমাজ বিচ্ছিন্ন হওয়াকেও নিষেধ করেছে।

আলোচনার ধারাবাহিকতায় লেখক প্রথম ও দ্বিতীয় খন্ডের আলোচনার মধ্যে সমন্বয় ঘটিয়ে একজন মুসলমান ব্যক্তি কিভাবে সামাজিক জীবন যাপন করবেন তার যথাযথ গাইড লাইন তৃতীয় খন্ডে (ইসলামের সামাজিক বিধান) প্রদান করেছেন। পূর্বেই উলেস্নখ করা হয়েছে সমাজে বিভিন্ন ধর্মে

বিশ্বাসী মানুষেরা একত্রে বসবাস করে কিন্তু মুসলমানদের সামাজিক জীবন ব্যবস্থা অন্যান্য ধর্ম থেকে আলাদা। এ প্রসঙ্গে তিনি যে বিষয়গুলো বিশেষভাবে উলেস্নখ করেছেন সেগুলো হলো :

১. মানব ভ্রাতৃত্ব এবং সমতা বজায় রাখা।
২. সামাজিক সম্পর্ক ও বন্ধু নির্বাচনের ক্ষেত্রে সতর্ক থাকা।
৩. পারিবারিক জীবনযাপনে সুশৃংখল হওয়া।
৪. নারীর মর্যাদা সংরক্ষন করা।
৫. বিবাহ ব্যবস্থা ও ইসলামি বিধান মেনে চলা।
৬. বহুবিবাহ ব্যবস্থায় বিধি নিষেধ মেনে চলা।
৭. দাম্পত্য সম্পর্ক বজায় রাখা।
৮. জন্মনিয়ন্ত্রণে ইসলামি বিধি মেনে চলা।
৯. সন্ত্মানের অধিকার আদায় করা।
১০. পিতা-মাতার অধিকার আদায় করা।
১১. আত্নীয়-স্বজনের অধিকার আদায় করা।
১২. বৈবাহিক সমস্যার সমাধান করা।
১৩. তালাক প্রদানের ক্ষেত্রে ইসলামি বিধান মেনে চলা।

পরিশেষে এ কথা বলা যায় যে, ড. জামাল আল বাদাবী তথ্য প্রমাণের ভিত্তিতে ইসলামের মৌলিক বিষয়গুলো যেভাবে তাঁর গ্রন্থখানির মধ্যে উপস্থাপন করেছেন তাতে এটা সমগ্র মুসলিম জাহানের জন্য একটি বিশেষ দিক নির্দেশনা হিসেবে কাজ করবে। বিভিন্ন ভাষায় গ্রন্থটির অনুবাদ করে সারা বিশ্বে এর বহুল প্রচারের ব্যবস্থা করা হলে মুসলিম উম্মাহ উপকৃত হবে।

**মো. আবু বকর সিদ্দীক,** *পি.এইচ.ডি*
সহকারী অধ্যাপক, সমাজকর্ম বিভাগ
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা।

# দ্য ফাউন্ডেশন অব নলেজঃ এ কম্প্যারেটিভ স্টাডি ইন ইসলামিক এন্ড ওয়েস্টার্ন মেথড্স অফ ইনকুয়ারী

*লেখক: লুই সাফি, প্রকাশক: ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ইসলামিক থ্যট এবং ইন্টারন্যাশনাল ইসলামি ইউনিভার্সিটি মালয়েশিয়া (আইআইইউএম), প্রথম প্রকাশ: ১৯৯৬ আইএসবিএন: ৯৮৩-৯৭২৭-০৩-৬, পৃষ্ঠা: ২০৩।*

জ্ঞান সম্পর্কীয় আলোচনায় বলা হয়ে থাকে: যা কিছু জ্ঞান তা কিছু না কিছুতে নিশ্চিত। জ্ঞানতাত্ত্বিকভাবে জ্ঞান এবং নিশ্চয়তার সম্পর্ক অঙ্গাঙ্গী। দর্শনের দিক থেকে, আমরা কোন কিছু সম্পূর্ণ জানি বা সম্পূর্ণ নিশ্চিত এই ধরণের দাবী করতে পারি না। তাই জ্ঞানতত্ত্বের দাবী, যখন আমরা বলি আমরা কিছু জানি তখন আমরা কিছু না কিছুতে নিশ্চিত হই। তাহলে জ্ঞান এবং নিশ্চিয়তার সম্পর্ক বিচারে যেটাকে আমরা পরম জ্ঞান বলব সেটা পরমভাবে কোন কিছুতে নিশ্চিত হওয়া, যেখানে কোন কিছু সম্ভাব্য থাকে না। সে জ্ঞান কি আমাদের পক্ষে বিচার করা সম্ভব কিনা বা এটা নিশ্চিত করতে কি কি শর্ত দরকার তা নিয়ে জ্ঞানতত্ত্বে নানা পর্যালোচনা আছে। কিন্তু সেই সমস্যার আপাত: কোন সমাধানের নজির নেই। তবে, মূল ভিত্তি জায়গাটা প্রস্স্তুত আছে। যেমন- অভিধানিক অর্থে, নিশ্চয়তা (Certainty) এক অর্থে, কোন বিষয় বস্স্তু বা ঘটনায় প্রশ্নহীন, অপরীক্ষিত বিশ্বাস।

লুই সাফি (Louay Safi) তাঁর ফাউন্ডেশন অব নলেজ: এ কম্প্যারেটিভ স্টাডি ইন ইসলামিক এন্ড ওয়েস্টান মেথডস অব ইনকুয়ারী (The Foundation of Knowledge: A Comparative Study in Islamic and Western Methods of Inquiry) বইয়ের লজিক্যাল এনালাইসিস: রম্নলস অব সিস্টেমেটিক ইনফারেন্স শিরোনামের তৃতীয় অধ্যায়ে জ্ঞান ও নিশ্চয়তা, সম্ভাব্যতার সংক্ষিপ্ত ইতিহাস তুলে ধরেছেন। সেই সংক্ষিপ্ত বর্ণনায় দেখাচ্ছেন নিশ্চয়তা এবং জ্ঞানের সম্পর্ক বিচারে মুসলিম দর্শনে একটা বিবর্তন ঘটেছে। সেটা আদি গ্রীকদর্শনের প্রভাব থেকে এর বাইরে যাওয়ার ইতিহাস। আবার যেটা মাত্রাগতগতভাবে আধুনিক পাশ্চাত্য দর্শনের জ্ঞান সম্পর্কীয় সংজ্ঞায়ন এবং তার সন্দেহগুলোকে আমাদের সামনে নিয়ে আসে।

মুসলিম দর্শনে কালাম শাস্ত্রের উদ্ভব হয় মুতাজিলাদের হাতে। এটি পদ্ধতি হিসেবে ছিল নতুন এবং কার্যকরী। দর্শনের পরিসরে যে প্রশ্নগুলোর উদ্ভব ঘটেছিল, সেই প্রশ্নের উত্তর খোঁজার জন্য কালাম শাস্ত্রের ব্যাপক প্রয়োগ ঘটে। অপর চিন্স্তাগোষ্ঠী আশারিয়ারাও কালাম শাস্ত্রের ব্যবহার করেন। কিন্তু চিন্স্তা ও চর্চার ক্ষেত্রে তাঁদের মধ্যে ব্যাপক পার্থক্য আছে। তাঁদের সামনে একটি মৌলিক প্রশ্ন ছিল বিজ্ঞান (ইল্ম) কি?

মুতাকালিমুন'রা বিজ্ঞানের এই সংজ্ঞায় একমত ছিলেন: বস্তুর জ্ঞান হলো এটি নিজে কিভাবে অস্তিত্বশীল তা জানা। (এই জ্ঞান সূত্রে জ্ঞানতত্ত্বের প্রাসঙ্গিকতা) এই সংজ্ঞা কালাম শাস্ত্রের উদগাতা মুতাজিলাদের কাছে গ্রহনযোগ্য ছিলো। আশারিয়া স্কুলের (প্রতিষ্ঠাতা আবু আল-হাসান আল-আশারী) আল-বাকিলানী এই সংজ্ঞায় কিছু পরিমার্জন আনেন।

বস্তু বা thing সম্পর্কে উভয়ই বলেন, একটি অস্তিত্বমানতা বা বাস্তবতা। এটি বস্তু, দ্রব্য, আকার বা সারবস্তু হতে পারে। তারা বিশ্বাস করতেন বস্তু নিজে যা বলতে তারা বুঝেন সেখানে বস্তুর সকল অংশ বিদ্যমান, একে মানব মন দ্বারা জানা যায়। কিন্তু আমরা জানি ইমানুয়েল কান্ট বলেন, বস্তু নিজে যা আমরা তাকে সেভাবে জানতে পারি না। আমাদের মনের সীমাবদ্ধতা আছে। এখানে পরিদৃশ্যমান জগত এবং দৃষ্টির আড়ালের যে জগত তার পার্থক্য চলে আসে। কিন্তু বিজ্ঞান কি তার তাত্ত্বিকভাবে ব্যাখ্যা আর ব্যবহারিক দিক একই নয়। তাদের বিজ্ঞান বিষয় আলোচনা থেকে
আরো জানা যায়-

জ্ঞানের নিশ্চয়তার উপর ভিত্তি করে মুতাকালিমুনরা দু'টি ভাগ করেন। একটি হলো বৈজ্ঞানিক জ্ঞান। প্রাথমিকভাবেই ভাবা হতো বৈজ্ঞানিক জ্ঞান মানে বস্তু নিজে আসলে সেটা কি (knowledge of the whatness of the thing) তাকে জানা। অপরটি হলো অজ্ঞতা। এটি বস্তুর প্রকৃতির বিপরীত কিছু নির্দেশ করে। বৈজ্ঞানিক জ্ঞান ও অজ্ঞতাকে অনুসরণ করে জ্ঞানের আরো দু'টি ভাগ পাওয়া। প্রথমটি হলো সংশয়বাদ। সংশয়বাদে কোনকিছুকে বুঝতে গেলে দেখা যায় বিপরীত দিক থেকে দু'টি সমান সম্ভাব্যতা থাকে। অন্যটি হলো সম্ভাব্য জ্ঞান। সম্ভাব্য জ্ঞানের ক্ষেত্রে কোন কিছুর দু'টি সম্ভাব্য ব্যাখ্যা থাকলেও সেখানে যে কোন একটি বেশী সম্ভাব্য হয়ে থাকে। নিশ্চয়তা বিচারে বৈজ্ঞানিক জ্ঞান নিশ্চিত অথবা সম্ভাব্য। আধুনিক জ্ঞানতত্ত্ব বলে, যা কিছু সম্ভাব্য তা কিছু না
কিছুতে নিশ্চিত। অন্যদিকে সংশয়বাদ ও অজ্ঞতা বিজ্ঞান নয়। যেহেতু এটি বস্তু নিজে কি তা প্রকাশ করে না।

কিন্তু আল-গাজালী বলছেন, নিশ্চয়তা বৈজ্ঞানিক হবে এমন ভাবার প্রয়োজন নাই। এটি এক ধরণের প্রত্যয় বা দৃঢ় বিশ্বাস। আমরা কোন কিছুর নিশ্চয়তা সম্পর্কে সর্বোচ্চ বিশ্বাস দেখাতে পারি, কিন্তু বিষয়টি ভুলও হতে পারে। আল-গাজালী বলছেন, একজন ব্যক্তি বিপরীত সম্ভাবনার কোনরূপ বিচার না করে কোন বিষয়ের সত্যতা নিয়ে দৃঢ় বিশ্বাস করতে পারে। সুতারাং, দৃঢ় বিশ্বাস হলো বিপরীত বিশ্বাস। এটি বিজ্ঞান নয়। আল-গাজালী বিজ্ঞান ও দৃঢ় বিশ্বাস বা প্রত্যয়ের পার্থক্য করতে গিয়ে বলছেন- এই ধরণের প্রশ্ন বিদ্যমান আছে, মহাবিশ্ব সৃষ্ট না চিরন্তন। সংশয়বাদের কাছে এর দু'টি সম্ভাবনাই জ্ঞানতাত্ত্বিকভাবে সমান। একজন কোন বিচার বিবেচনা ছাড়া গ্রহণ করতে পারে বিশ্ব সৃষ্ট। অথবা বিশ্ব চিরন্তন তার সৃষ্টি প্রক্রিয়া অনন্তকাল ধরে চলছে। দেখা গেলো, অজ্ঞেয়বাদীর বলা বিশ্ব চিরন্তন-এটা মিথ্যা। অন্যদিকে দৃঢ় বিশ্বাসকারী বলেন, বিশ্ব সৃষ্ট-এটা সত্য। কিন্তু দৃঢ় বিশ্বাসকারী বা যিনি নিশ্চিত তার দাবী সত্য হলেও এটি জ্ঞান নয়। আল-গাজালী বলছেন, এখানে দু'জনেরই কোন পার্থক্য নাই। কেননা, দু'জনই নির্বিচারবাদী। অন্যদিকে বিজ্ঞান হলো বস্তুর অপরিবর্তনশীলতার চেয়ে পরিবর্তনে গুরুত্ব দেয়া। নিশ্চয়তা বিষয়ক দাবীর গুরুত্বপূর্ণ

দিক হলো বস্তুজগত সদা পরিবর্তনশীল। এই বিষয়কে সে যথাযথ ধরতে পারে না। ঠিক তেমনি আমাদের জ্ঞানগত উপলব্ধিকে নিশ্চিত বলতে পারি না। কারণ একই ধরণের বোঝাপড়া অবস্থা ভিন্ন হয়। এখানে গুরুত্বপূর্ণ হলো মুসলিম দর্শনে জ্ঞানগত নিশ্চয়তা মুখ্য বিষয় হয়ে উঠেনি। বরং, কোন প্রক্রিয়ায় জ্ঞানের উম্মেষ ঘটে সেটাই গুরুত্বপূর্ণ। তার প্রনোদনা থাকে প্রত্যাদেশে। এই যে নিশ্চয়তার ধারণা তা কোন অর্থে গায়েবী বিশ্বাস দ্বারা পরিপুষ্ট নয়। একই আলোচনার সূত্র ধরে সনাতনী যুক্তিবিদ্যাকে খন্ডন করেছেন আল-গাজ্জালী। তিনি এরিস্টটলের সনাতনী যুক্তিবিদ্যার বাইনারী পদ্ধতি চ্যালেঞ্জ করে দেখান এ ভিত্তিগত দিক দুর্বল। এটাও ছিল কোন কোন অর্থে কোন বচনের সত্য বা মিথ্যা প্রতিপাদনের মাধ্যমে নিশ্চিত জ্ঞান অর্জনের ভিত্তি। এই আলোচনার মাধ্যমে লুই সাফি পশ্চিমা জ্ঞানকান্ডের পদ্ধতির সাথে ইসলামি জ্ঞানকান্ডের পদ্ধতি তুলনা করেছেন।

নিশ্চয়তা সম্পর্কীয় তুলনামূলক বিচার পদ্ধতিতে সময়ের ক্ষেত্রে মুসলিম দার্শনিকরা এগিয়ে ছিলেন। কিন্তু সেই ধারা শেষ পর্যন্ত বহাল থাকেনি। অন্যদিকে পশ্চিমা দর্শন প্রশ্ন তোলার জায়গা টিকিয়ে রেখেছে। কিন্তু আল-গাজালীর হাতে নিশ্চয়তা বিষয়ক সমস্যার যে পর্যালোচনা ঘটেছে, সেখানে সেভাবে ঘটেনি। তবে ইমানুয়েল কান্টের দর্শনে আল-গাজালীর সেই বিচারবাদীতার ছাপ আছে। ফলে জ্ঞান হওয়া অথবা না হওয়া, এর সীমানা, বৈধতা নিয়ে প্রচলিত জ্ঞানতত্ত্ব এখনো ঘুরপাক খাচ্ছে।

লুই সাফির আলোচনার বিষয় ব্যাপক এবং গুরুত্বপূর্ণ। তিনি তুলনামূলকভাবে পশ্চিমা ইসলামি জ্ঞানকান্ডের পদ্ধতি আলোচনা করেছেন। তিনি দেখিয়েছেন প্রত্যাদেশ কিভাবে সঠিক প্রশ্ন তোলা ও অনুসন্ধান পদ্ধতির উৎস হতে পারে। কিন্তু তিনি ভিত্তিগত আলোচনা করতে গিয়ে সমকালে যেসব চর্চা হচ্ছে সেগুলোর প্রতি জোর দেননি। কারণ ভিত্তিমূল এক হওয়া সত্ত্বেও পশ্চিমা কান্ডের পর্যালোচনা আরো ব্যাপকতা দাবী করে। ইতোমধ্যে পশ্চিমা দর্শনের আলোচনার প্রেক্ষিতে নন-ফাউন্ডেশনাল ইসলাম নিয়েও আলোচনা শুরু হয়েছে। কিন্তু, পাঠকের এই দাবীর নায্যতা কোন অর্থেই বইটির গুরুত্ব কমাতে পারে না।

চারটি ভাগে বিভক্ত বইটিতে মোট সাতটি অধ্যায় রয়েছে। বিভাগগুলোর শিরোনাম- The Inadequacy of Established Methods, Classical Muslim Methods, Modern Western Methods এবং An Alternative Methodology. বইয়ের শেষে রয়েছে ঋদ্ধ বইয়ের তালিকা এবং নির্ঘন্ট।

**আ ন ম আবদুল ওয়াহেদ**
*এম. ফিল* গবেষক
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# রাষ্ট্র বিজ্ঞান : ইসলামী প্রেক্ষিত

*আবদুল রশিদ মতিনের Political Science: An Islamic Perspective গ্রন্থের অনুবাদ।*
*অনুবাদ: এ. কে. এম. সালেহ উদ্দিন, সম্পাদনা: এম আব্দুল আজিজ, প্রকাশক: বিআইআইটি*
*প্রকাশকাল: এপ্রিল ২০০৮, মোট পৃষ্ঠা: ২১৬, মূল্য: ১৫০ টাকা।*

ইসলাম একটি চিরন্তন ও শ্বাশত জীবন ব্যবস্থা। মানব সভ্যতার সূচনা লগ্নেই ইসলামের আবির্ভাব। যদিও ইসলামি বিধানের পরিপূর্ণতা লাভ করে সপ্তম শতকে আরব দেশে হযরত মোহাম্মদ (সা:) -এর নেতৃত্বে ইসলামি রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠার মাধ্যমে। মানবজাতির ব্যক্তি, পরিবার, রাষ্ট্র ও সমাজের সবধরনের সমস্যা সমাধান ও চাহিদা পূরণের মাধ্যমে একটি শান্তি ও সমৃদ্ধির সমাজ প্রতিষ্ঠায় পূর্ণ সক্ষমতার কারণেই ইসলাম একমাত্র পূর্ণাঙ্গ জীবন বিধান হিসেবে বিবেচনা করা হয়। কুরআন ও সুন্নাহ জ্ঞান-বিজ্ঞানের অন্যান্য শাখায় ব্যাপক চর্চা ও প্রয়োগের ফলে সপ্তম থেকে পঞ্চদশ শতাব্দী পর্যন্ত সময়ে মুসলমানরা অর্ধেক পৃথিবীর কর্তৃত্ব অর্জন করে এবং বিশ্ব সভ্যতায় অসামান্য অবদান রাখতে সক্ষম হয়। কিন্তু অষ্টাদশ ও উনবিংশ শতকে ইউরোপীয় উপনিবেশিক শক্তি মুসলিম জাহান দখল করে নেয়ার ফলে মুসলমানদের অধঃপতন শুরু হয়। উপনিবেশিক শাসন ইসলামি সংস্কৃতির সর্বাত্মক ক্ষতি সাধন করে এবং মুসলিম উম্মাহকে বিভিন্ন ক্ষুদ্র জাত-রাষ্ট্রে খন্ড-বিখন্ড করে দেয়। পরবর্তিতে পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিতদের নেতৃত্বে স্বাধীনতা অর্জনকারী এসব মুসলিম দেশের শাসনভার চলে যায় ধর্মনিরপেক্ষ ও জাতীয়তাবাদী পুঁজিবাদে বিশ্বাসী অথবা ধর্মবিরোধী সমাজতান্ত্রিক আদর্শে বিশ্বাসী রাজনৈতিক নেতৃত্ব এবং সামরিক ও বেসামাকি আমলাচক্রের মুঠোয়। ফলশ্রুতিতে এসব স্থানে ইসলাম ও ইসলামি আদর্শে বিশ্বাসীরা সংশিস্নষ্ট রাষ্ট্র ও এর কর্ণধারদের কাছে হয়ে ওঠে সর্বাধিক ঘৃণিত ও অবাঞ্চিত এবং তাঁদেরকে অভিহিত করা হয় মৌলিবাদী, জঙ্গীবাদী ‘সন্ত্রাসী’ ইত্যাদি নানা অভিধায়। এমনকি ইসলামি পুণর্জাগরনে বিশ্বাসী ও উদ্যোগী দল গোষ্ঠীগুলোকে চূড়ান্তভাবে নির্মূলে সর্বশক্তি প্রয়োগ করাতেও পিছপা হচ্ছে না এসব স্বৈরাচারী শাসকবর্গ। অন্যদিকে কতিপয় একপেশে ও একদেশদর্শী অমুসলিম ও মুসলিম নামধারী পন্ডিতও নানাভাবে ইসলামের অপব্যাখ্যা প্রদান করে তত্ত্ব প্রদান করেন এবং কেউ কেউ ধর্মীয় কর্মকান্ডের বাইরে ইসলামকে প্রয়োগ না করার পরামর্শ দেন। পাশাপাশি কিছু তথাকথিত আলেম একটি ধর্ম হিসেবে ইসলামকে আধুনিক জ্ঞান-বিজ্ঞানের ব্যাখ্যা থেকে দূরে রাখতে চান।

অসৎ উদ্দেশ্যে প্রণোদিত হয়ে ইসলাম সম্পর্কে যে বিকৃত ধারনা দেয়ার অপচেষ্টা চলছে তারই প্রেক্ষাপটে ইসলামের সঠিক ও প্রাঞ্জল উপস্থাপনের মাধ্যমে বর্তমান বিশ্বে ইসলামি অনুশাসনের বাস্তব প্রয়োজনীয়তা এবং তা বাস্তবায়নের সঠিক উপায় সম্পর্কে বিচার-বিশ্লেষণের উপযুক্ত সময় এখনই। Political Science: An Islamic Perspective গ্রন্থটি সে উদ্দেশ্যেই প্রণীত। বইটির লেখক আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় মালয়েশিয়া এর রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী ড. আব্দুল রশিদ মতিন মনে করেন, এ কাজটি করতে হবে ইসলামি আদর্শ ও জ্ঞানে সমৃদ্ধদের নিজেদের গভীর অন্তদৃষ্টি ও প্রজ্ঞা দ্বারা এবং ইসলামের মর্মবাণী, নীতিমালা, জীবন, সংস্কৃতি ও এর সুবিন্যস্ত কাঠামোর সঠিকভাবে উপস্থাপনের মাধ্যমে। তাই তিনি ইসলামি চিন্তাবিদদের ধারণা দর্শনের উপর আলাদাভাবে আলোচনা না করে এ গ্রন্থে ইসলামের বিভিন্ন দিকের উপর বিষয় ভিত্তিক আলোচনার প্রয়াস পান। বুদ্ধিবৃত্তিক ও ঐতিহাসিক সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে ইজতিহাদের মাধ্যমে ইসলাম ও রাজনীতির সম্পর্কসূত্র, ইসলামের প্রয়োগ পদ্ধতির উপকরণসমূহ, ইসলামি আইনের ধরন ও প্রকার, ইসলামি সমাজ ব্যবস্থার স্বরূপ, ইসলামি রাজনৈতিক ব্যবস্থার রূপরেখা এবং বর্তমান বিশ্বে পরিচালিত ইসলামি আন্দোলনসমূহের কৌশল ও পদ্ধতি সম্পর্কে বিচার-বিশ্লেষণ ও পর্যালোচনা এ গ্রন্থে করা হয়েছে। এ দিক থেকে গ্রন্থটিতে অন্যান্য যে কোন গ্রন্থের গতানুগতিক ধারার উপস্থাপন পদ্ধতির পরিবর্তে নতুন পদ্ধতি অবলম্বন করা হয়েছে। রাষ্ট্রবিজ্ঞানের প্রকৃতি অনুযায়ী এ গ্রন্থে গবেষণার দৃষ্টিভঙ্গি নির্বাচন করা হয়েছে। ইসলামের বিভিন্ন মৌলিক বিষয়ের উপর ধারণা দর্শন সঠিকভাবে উপলব্ধির জন্য বিচার-বিশ্লেষণে ইসলামের দু'টি মৌলিক উৎস-কোরআন ও সুন্নাহর উপর সর্বাধিক গুরুত্বারোপ করা হয়েছে। আলোচনার শুরু হতেই ঐতিহাসিক ধারাক্রম পর্যালোচনা ও বিশ্লেষণ করে আল-কুরআন ও সুন্নাহর বাস্তবায়নে কতটুকু বিচ্যুতি ঘটেছে তা তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে জাগতিক ও আধ্যাত্মিক উভয় বিষয় আলোচনায় খোলাফায়ে রাশেদার যুগকে আদর্শ হিসেবে ধরে নেয়া হয়েছে। আব্বাসীয় আমল থেকে শুরু করে এ পর্যন্ত ইসলামি রাজনীতি, দর্শন ও আইনশাস্ত্রীয় যেসব লিখা বা আলোচনা আবর্তিত হয়েছে তা ঐতিহাসিক ধারাক্রম ও ব্যাখ্যাসহ তুলে ধরা হয়েছে এবং বিভিন্ন বিষয়ে আলোচনার সময় পাশ্চাত্যের সমধর্মী ধারনাসমূহকে চিহ্নিত করে তা ইসলামি ধারণার সাথে তুলনা করত: ইসলাম প্রকৃত প্রস্তাবে কি বোঝাতে চায় ও কিভাবে বাস্তবায়ন করতে চায় তার চিত্র অংকন করা হয়েছে গ্রন্থটিতে।

লেখক সম্পূর্ণ গ্রন্থটি মোট আটটি অধ্যায়ে ভাগ করে উপস্থাপন করেছেন এবং অধ্যায়সমূহের বাইরে একটি নির্ঘন্টক বা পরিভাষা এবং একটি ইসলামি রাষ্ট্রের কাঠামো, ইসলামি শাসনতন্ত্রের মডেল ও মুসলিম বিশ্বের চিত্র নামে তিনটি concrete পরিশিষ্ট সংযোজন করেছেন যা ইসলামি সমাজ ও রাষ্ট্রের উপরিকাঠামো অনুধাবনে অত্যন্ত সহায়ক হিসেবে বিবেচিত হবে।

প্রথম অধ্যায়ে মুসলিম বিশ্বের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যার উপর সংক্ষিপ্ত আলোচনায় ধর্মনিরপেক্ষতাবাদের উৎপত্তি, প্রকার এবং মুসলিম সমাজে এর প্রত্যক্ষ প্রভাব

বিশেস্নষণ করা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে মুসলিম বিশ্বের রাজনৈতিক চিন্তাধারার প্রকৃত স্বরূপ উদঘাটনের চেষ্টা করা হয়েছে। ধর্মীয় বিশ্বাস এবং ইসলামি রাজনীতি যে অবিভাজ্য তা ইসলামের কতিপয় আনুষ্ঠানিক আচার-পদ্ধতির আর্থ-সামাজিক তাৎপর্য বিশেস্নষণের মাধ্যমে বোঝানোর চেষ্টা করা হয়েছে।

তৃতীয় অধ্যায়ে পাশ্চাত্য রাজনীতির সাথে ইসলামি রাজনীতির বৈশাদৃস্য তুলে ধরা হয়েছে। এখানে দেখা যায় যে, পাশ্চাত্যে রাষ্ট্রবিজ্ঞানের প্রয়োগ পদ্ধতি প্রাকৃতিক বিজ্ঞানের নৈর্ব্যক্তিক সূত্রাবলীর ভিত্তিতে রচিত হয়েছে। পক্ষান্তরে ইসলামে রাজনীতির ভিত্তি হিসেবে ঐশী প্রত্যাদেশ ও যুক্তি বোধকে দ্বৈত উৎস হিসেবে নেয়া হয়েছে। এ অনুসিদ্ধান্তে প্রমাণিত হয় যে, ইসলামি মূল্যবোধের সার্বজনীনতা দ্বারা ইসলামি বুদ্ধিবৃত্তিক কাঠামোর মধ্যে একটি স্বতন্ত্র ও নিজস্ব ইসলামি রাষ্ট্রবিজ্ঞান রচনা করা সম্ভব।

চতুর্থ অধ্যায়ে ইসলামের আইনগত রূপ 'শরীয়াহ' সম্পর্কে বিস্তারিত আলোচনা করে এটি যে প্রকৃতপক্ষে একটি সার্বভৌম আইন তা ব্যাখ্যা করা হয়েছে। শরীয়াহ আইনের অন্যতম উপাদান ইজতিহাদ বা গবেষণাকে সঠিক মর্যাদা দানের জন্য সমাজের নৈতিক ও বস্তুগত সংস্কার সাধনের সুপারিশ করা হয়েছে এ পর্যায়ে।

পঞ্চম অধ্যায়ে 'উম্মাহ: ইসলামি সমাজ ব্যবস্থা' নামকরণে বিশ্বব্যবস্থায় উম্মাহর রাজনৈতিক ভুমিকা কি এবং ইসলামি সমাজের অন্তর্গঠনশৈলী কিরূপ তা আলোচনা করা হয়েছে এবং উম্মাহর ধারণার সাথে জাতীয়তাবাদের ধারনার তুলনা করা হয়েছে।

ষষ্ঠ অধ্যায়ে ইসলামি রাজনৈতিক ব্যবস্থার বিভিন্ন ধারনা দর্শনের বিষয়টি এবং ইসলামি রাজনৈতিক ব্যবস্থার সাথে গণতন্ত্রের মিল-অমিল বিশেস্নষণ করা হয়েছে। এ অধ্যায়ে ইসলামি রাজনৈতিক ব্যবস্থার ভিত্তিমূল রচনা করার লক্ষ্যে আলস্নাহর একত্ব, ন্যায়বিচার, সমতা ও স্বাধীনতা এবং পারস্পরিক আলোচনা বা শূরা গঠন এবং এসবের পারস্পরিক সম্পর্ক নির্ণয় করা হয়েছে।

সপ্তম অধ্যায়ে ইসলামি রাজনৈতিক ব্যবস্থা বিবেচনার স্বাভাবিক ধারাবাহিকতা হিসেবে শাসকের জবাবদিহিতার প্রশ্নটি পর্যালোচনা করা হয়েছে। এখানে শাসকের আদেশের বৈধতার নীতিমালা, শাসকের শরীয়াহর নীতির প্রতি আনুগত্য ও সংহতি, বড় ধরনের অবহেলা ও অসাদাচারনের ক্ষেত্রে শাসকের বিরম্নদ্ধে গ্রহণীয় পদ্ধতিমালা আলোচনা করা হয়েছে।

শেষ অধ্যায়ে মুসলিম বিশ্বের পুনর্জাগরণ ও চলমান ইসলামি আন্দোলনসমূহের বিবরণ দেয়া হয়েছে। এসব আন্দোলনসমূহ বহুত্বের মাঝে একত্বকে নির্দেশ করে এবং ঐশী একত্বের পতাকাকে সমুন্নত রাখতে চেষ্টা করে।

গ্রন্থটি ব্যাপক অর্থে কোন বিস্তারিত পাঠ্যপুস্তক নয়। কিংবা সাধারণ কোন বিষয় ভিত্তিক ধারাবাহিক আলোচনাও নয়; বরং ইসলামি দৃষ্টিকোণ থেকে রাষ্ট্রবিজ্ঞানের ধারণা এবং তার

গুরত্বপূর্ণ উপাদানসমূহ উপস্থাপনের একটি ভিত্তি রচনার চেষ্টা করা হয়েছে এটিতে। আর তা সম্পন্ন করতে গিয়ে বিশ্ববিখ্যাত অগণিত মুসলিম ও অমুসলিম মনীষী ও পন্ডিতগণের রচিত শত শত পুস্তকের গবেষণাসম্বলিত উদ্ধৃতি সংযোজন করা হয়েছে বইয়ের প্রতিটি অধ্যায়ে। তবে বইটির বর্তমান বাংলা অনুবাদ অনেকক্ষেত্রে কিছুটা কঠিন শব্দ চয়ন করায় সাধারণ শ্রেণীর পাঠকদের কঠিন হতে পারে।

এছাড়া গ্রন্থটিতে রাষ্ট্রবিজ্ঞানের আরও অনেক বিষয় নিয়ে ইসলামি প্রেক্ষিতে আলোচনার অবকাশ ছিল বলে প্রতীয়মান হয়। তথাপি একথা বলা যায় যে, নতুন আঙ্গিকে রচিত তথ্যবহুল এ গ্রন্থটি রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষার্থী, শিক্ষক, গবেষক, রাজনীতিবীদসহ সমাজের কল্যাণকামী যে কোন শ্রেণী পেশার মানুষের কৌতুহল মেটাতে সক্ষম হবে। বইটির বহুল প্রচার কামনা করছি।

**মোঃ রফিকুল ইসলাম,** *পি.এইচ.ডি*
অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
নওগাঁ সরকারি কলেজ।